

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd


স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৭.৩৫.০০২.২৪-৪৬

তারিখ: ২৩/২/২০২৬

বিষয়: পবিত্র রমজান মাস উপলক্ষ্যে মসজিদ/ধর্মীয় প্রতিষ্ঠান ও শপিং মলভিত্তিক গণসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা প্রসংগে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক বিভিন্ন ধরনের গণসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়ে থাকে। এরই ধারাবাহিকতায় পবিত্র রমজান মাস উপলক্ষ্যে মাদকদ্রব্যের অপব্যবহার রোধ এবং জনসাধারণকে মাদকের ভয়াবহতা সম্পর্কে সচেতন করার লক্ষ্যে আপনার মেট্রো কার্যালয়ের আওতাধীন মসজিদে নামাজের পরে (সুবিধাজনক ওয়াক্তে) মাদকবিরোধী গণসচেতনতামূলক কার্যক্রম যথা: মাদকবিরোধী বক্তব্য প্রদান, জুমআ নামাজের খুতবায় মাদকের ক্ষতিকর দিক নিয়ে আলোচনা; এবং বিভিন্ন শপিং মল বা বড় হাট-বাজারে লিফলেট, স্টীকার বিতরণসহ অন্যান্য গণসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানপূর্বক কার্যক্রমের প্রতিবেদন (ক্যাপশন সম্বলিত ছবি/ভিডিওসহ) সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে সাপ্তাহিক ভিত্তিতে প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উপপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
ঢাকা/চট্টগ্রাম মেট্রো (উত্তর/দক্ষিণ) কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম


২৩.০২.২৬
(মাজহারুল ইসলাম)
পরিচালক (নিরোধ শিক্ষা)
ফোন: +৮৮০২-২২৬৬৬৪৪০৩

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. পরিচালক (প্রশাসন ও অর্থ/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, ঢাকা/চট্টগ্রাম, জেলা
৩. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা/চট্টগ্রাম, জেলা
৫. পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম
৬. সহকারী পরিচালক, ঢাকা/চট্টগ্রাম মেট্রো (উত্তর/দক্ষিণ) কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম
৭. প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৮. স্টাফ অফিসার টু ডিজি (সহকারী পরিচালক), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯. অফিস কপি/মাস্টার ফাইল